দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JAN 1995 ...
পৃষ্ঠা 12 কলাম 7

02

## যশোর বোর্ডের অপ্রকাশিত ফল প্রকাশ ॥ মেধা তালিকার পরিবর্তন হইবে

বরিশাল অফিস ।। বরিশাল সরকারী মহিলা কলেজের বিজ্ঞান বিভাগের অপ্রকাশিত ফলাফল গতকাল (শনিবার) প্রকাশিত হইয়াছে। এই ফলাফল প্রকাশের সাথে সাথে যশোর শিক্ষা বোর্ডের বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় রদবদলের প্রয়োজন দেখা দিয়াছে। আগামী ২/১ দিনের মধ্যে নূতন তালিকা প্রকাশ করা হইবে বলিয়া সংশ্লিষ্ট মহল সূত্রে জানা গিয়াছে। বোর্ড কর্তৃপক্ষ সূত্রে প্রকাশ, সরকারী মহিলা কলেজের ৪টি করিয়া লেটারপ্রাপ্ত ৪ জন ছাত্রীর প্রাপ্ত ফলাফলে দেখা গিয়াছে তাহারা মেধা তালিকার স্থান দখল করিয়াছে। স্থান নির্ধারণের কাজ চলিতেছে। এই কলেজ হইতে ১৯২ জন পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছিল। পাস করিয়াছে ১০৫ জন। এখনও অপ্রকাশিত রহিয়াছে ১৫ জনের ফলাফল। ৩৮ জন প্রথম, ৬৩ জন দ্বিতীয় ও ৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। ৯ জন ছাত্রী ষ্টার মার্ক পায়।